রাজপুরীতে বাজায় বাঁশি বেলাশেষের তান।
পথে চলি, শুধায় পথিক 'কী নিলি তোর দান' ॥
দেখাব যে সবার কাছে   এমন আমার কী-বা আছে,
সঙ্গে আমার আছে শুধু এই কখানি গান ॥
ঘরে আমার রাখতে যে হয় বহু লোকের মন—
অনেক বাঁশি, অনেক কাঁসি, অনেক আয়োজন।
বঁধুর কাছে আসার বেলায়   গানটি শুধু নিলেম গলায়,
তারি গলার মাল্য ক'রে করব মূল্যবান ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Raag: Pilu
Visit www.geetabitan.com for notation and other detail